গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
**সমন্বয় অধিশাখা**
www.plandiv.gov.bd

## মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৩ জুন, ২০১৭ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ -০৩),
পরিকল্পনা বিভাগ।

সভাপতিঃ মোঃ জিয়াউল ইসলাম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগনের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ১৫/০৫/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর কার্যপত্র অনুসারে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর/বিভাগের অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন, (মে, ২০১৭ মাসের) অননুমোদিত প্রকল্প প্রক্রিয়াকরণের মাসিক প্রতিবেদন ছক-'ক'

| সেক্টর/বিভাগ | গত মাসের জের | | চলতি মাসে প্রাপ্ত | | চলতি মাসে পিইসি/এসপিইসি হয়েছে | | চলতি মাসে প্রক্রিয়াকরণ সম্পন্ন | | মাস শেষে অবশিষ্ট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প | নতুন অননুমোদিত প্রকল্প | সংশোধিত অননুমোদিত প্রকল্প |
| ভৌত অবকাঠামো বিভাগ | ১৮ | ১২ | ১৪ | ০৩ | ২৮ | ০৪ | ১৭ | ০৬ | ১৫ | ০৯ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ২৯ | ১২ | ০৭ | ০৫ | ০৫ | ০৩ | ১২ | ০৮ | ২৪ | ০৯ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ১৮ | ০৫ | ২৪ | ০৭ | ২৫ | ০৪ | ৩৪ | ০৯ | ০৮ | ০৩ |
| শিল্প ও শক্তি বিভাগ | ১৫ | ০৪ | ০৮ | ০৪ | ০৩ | ০৩ | ০৮ | ০৪ | ১৫ | ০৪ |
| মোটঃ | ৮০ | ৩৩ | ৫৩ | ১৯ | ৬১ | ১৪ | ৭১ | ২৭ | ৬২ | ২৫ |

৩.২. ২০১৬-১৭ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প দলিল প্রক্রিয়াকরণ ছক- 'খ'

| সেক্টর/বিভাগ | ২০১৬-১৭ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের সংখ্যা | ২০১৬-১৭ আরএডিপি তে অন্তর্ভুক্ত প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | অন্তর্ভুক্ত নতুন প্রকল্প | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (মে, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ৩৬৪ | ৫৭ | ৩৪ | ১৮ | ১৪ | ২৮ | ০০ | ০৮ | ০৪ | ০৫ | ১৭ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ২১৮ | ০৮ | ১৯ | ২১ | ০৮ | ০৪ | ০০ | ০৬ | ০১ | ০৩ | ১০ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ২৭৭ | ২৪ | ১৩ | ১৮ | ২৪ | ২৫ | ০০ | ২১ | ০৫ | ০৪ | ৩০ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৬৩ | ০৬ | ০৩ | ০৬ | ০৪ | ০২ | ০০ | ০৩ | ০৩ | ০০ | ০৬ |
| মোটঃ | ৯২২ | ৯৫ | ৬৯ | ৬৩ | ৫০ | ৫৯ | ০০ | ৩৮ | ১৩ | ১২ | ৬৩ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ ২০১৬-১৭ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে দলিল প্রক্রিয়াকরণ ছক- 'গ'

| সেক্টর/বিভাগ | ২০১৬-১৭ আরএডিপিতে অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) সংখ্যা | ২০১৬-১৭ আরএডিপিতে অন্তর্ভুক্ত (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে) প্রকল্পের মধ্যে এ পর্যন্ত অনুমোদিত প্রকল্প সংখ্যা | | আরএডিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত প্রকল্প (বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে ) | | | চলতি মাসে প্রক্রিয়াকরণ (মে, ২০১৭ মাসের) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একনেক কর্তৃক | মন্ত্রী মহোদয় কর্তৃক | গত মাসের জের | চলতি মাসে প্রাপ্ত | চলতি মাসে পিইসি/এসপিইসি সম্পন্ন | ইআরডিতে প্রেরণ | মন্ত্রণালয়ে প্রেরণ | একনেকে প্রেরণ | মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন | মোট |
| ভৌত অবকাঠামো বিভাগ | ১৪৪ | ০৮ | ০৫ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ | ৬৮ | ০০ | ০২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ | ৫৪ | ০৩ | ০১ | ০০ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| শিল্প ও শক্তি বিভাগ | ৭৬ | ০০ | ০০ | ০২ | ০৩ | ০১ | ০০ | ০২ | ০০ | ০০ | ০২ |
| মোটঃ | ৩৪২ | ১১ | ০৮ | ০২ | ০৪ | ০২ | ০০ | ০২ | ০০ | ০০ | ০২ |

৪.১ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| শূন্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, ৩য় এবং ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরীর শূন্য পদ পূরণের জন্য কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি শূন্য পদ পূরণে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>NAPD প্রতিনিধি বলেন, ২য় ও ৩য় শ্রেণীর ০৮টি পদ পূরণের নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। আগামী ১৬/০৭/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। সভাপতি নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করেন।<br>BIDS এর প্রতিনিধি বলেন যে, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী পদ পূরণের বিষয়ে বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। বিজ্ঞপ্তি জারীর পর আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে।<br>সভাপতি শূন্য পদ পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য বিআইডিএস-এর প্রতিনিধিকে অনুরোধ করেন। | পরিকল্পনা বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ পূরণের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>এনএপিডি ও বিআইডিএস-এর নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক এনএপিডি/বিআইডিএস<br>এবং<br>অতিরিক্ত সচিব-১ পরিকল্পনা বিভাগ<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪.২ পরিকল্পনা বিভাগ/কমিশনের জনবল সংক্রান্ত তথ্যাদিঃ

| বিবরণ | ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| **পরিকল্পনা বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ৩৮ | ৩৩ | ৬৩ | ৪৯ | ১৮৩ | - |
| কর্মরত পদের সংখ্যা | ৪০ | ৩৭ | ৪৪ | ৬২ | ১৮৩ | |
| শূন্য পদের সংখ্যা | -০২ | -০৪ | ১৯ | -১৩ | ০০ | |
| **সাধারণ অর্থনীতি বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ৩৩ | ১৭ | ১১ | ২১ | ৮২ | উ:প্র: -২টি, সি:স:প্র: -১টি, গ:-১টি, ২য় শ্রেণীর-০৭টি এবং ৩য় শ্রেণীর-০৭, ৪র্থ শ্রেণীর-০৪টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৯ | ১০ | ০৪ | ১৭ | ৬০ | |
| শূন্য পদের সংখ্যা | ০৪ | ০৭ | ০৭ | ০৪ | ২২ | |
| **কার্যক্রম বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২০ | ১৩ | ১৫ | ১৫ | ৬৩ | উ:প্র: -১টি, গ:-২টি, ২য় শ্রেণীর-০১টি এবং ৩য় শ্রেণীর-১০, ৪র্থ শ্রেণীর-০৪টি পদ শূন্য রয়েছে। কিন্তু সহ: প্র: এর ০১টি পদ বেশী রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ১৮ | ১২ | ০৫ | ১১ | ৪৬ | |
| শূন্য পদের সংখ্যা | ০২ | ০১ | ১০ | ০৪ | ১৭ | |
| **ভৌত অবকাঠামো বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২৯ | ১৯ | ০৮ | ২১ | ৭৭ | সি:স:প্র:-২টি, শ্রেণীর-০৬টি এবং ৩য় শ্রেণীর-০৫, ৪র্থ শ্রেণীর-০৪টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৭ | ১৩ | ০৩ | ১৭ | ৬০ | |
| শূন্য পদের সংখ্যা | ০২ | ০৬ | ০৫ | ০৪ | ১৭ | |
| **কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ৩৫ | ২১ | ১০ | ২৪ | ৯০ | উ:প্র: -৩টি, ২য় শ্রেণীর-৫টি এবং ৩য় শ্রেণীর-৫, ৪র্থ শ্রেণীর-৫টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ৩২ | ১৬ | ০৫ | ১৯ | ৭২ | |
| শূন্য পদের সংখ্যা | ০৩ | ০৫ | ০৫ | ০৫ | ১৮ | |
| **আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২৮ | ১৮ | ০৭ | ২১ | ৭৪ | যু:প্র:-২টি, ২য় শ্রেণীর-৪টি এবং ৩য় শ্রেণীর-২, ৪র্থ শ্রেণীর-৩টি পদ শূন্য রয়েছে। কিন্তু গ: এর ০১টি পদ বেশী রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৭ | ১৪ | ০৫ | ১৮ | ৬৪ | |
| শূন্য পদের সংখ্যা | ০১ | ০৪ | ০২ | ০৩ | ১০ | |
| **শিল্প ও শক্তি বিভাগ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২৮ | ১৬ | ০৮ | ১৯ | ৭১ | উ:প্র: -২টি, গ:-২টি, ২য় শ্রেণীর-৪টি এবং ৩য় শ্রেণীর-২, ৪র্থ শ্রেণীর-২টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৪ | ১২ | ০৬ | ১৭ | ৫৯ | |
| শূন্য পদের সংখ্যা | ০৪ | ০৪ | ০২ | ০২ | ১২ | |
| **পরিকল্পনা কমিশন** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ০৩ | ০০ | ০০ | ০০ | ০৩ | সদস্য মহোদয়ের একান্ত সচিব হিসেবে সহকারী প্রধানের ০৩ টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| শূন্য পদের সংখ্যা | ০৩ | ০০ | ০০ | ০০ | ০৩ | |
| **রিজার্ভ** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ৪৮ | ০০ | ০০ | ০০ | ৪৮ | প্রঃ ১টি, যুঃপ্রঃ ৪টি, উপপ্রধান ৮টি, সিঃ সঃ প্রঃ ১৪টি এবং সঃ প্রঃ ২১টি পদ রিজার্ভ রয়েছে। |
| **প্রেষণে** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | যুঃপ্রঃ ১টি, উঃ প্রঃ ৩টি, সিঃ সঃ প্রঃ ১৪টি এবং সঃ প্রঃ ২১ টি পদের কর্মকর্তা প্রেষণে কর্মরত রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ৩৯ | ০০ | ০০ | ০০ | ৩৯ | |
| শূন্য পদের সংখ্যা | -৩৯ | | | | -৩৯ | |
| **সর্বমোট** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২৬২ | ১৩৭ | ১২২ | ১৭০ | ৬৯১ | প্রথম শ্রেণীর ২৬টি, ২য় শ্রেণীর ২৩টি, ৩য় শ্রেণীর ৫০টি এবং ৪র্থ শ্রেণীর ০৯টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৩৬ | ১১৪ | ৭২ | ১৬১ | ৫৮৩ | |
| শূন্য পদের সংখ্যা | ২৬ | ২৩ | ৫০ | ০৯ | ১০৮ | |
| **জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ২৭ | ০৮ | ৩৪ | ৪০ | ১০৯ | ১ম শ্রেণীর ০২টি, ২য় শ্রেণীর ০১টি,৩য় শ্রেণীর ১২টি এবং ৪র্থ শ্রেণীর ০২টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ২৫ | ০৭ | ২২ | ৩৮ | ৯২ | |
| শূন্য পদের সংখ্যা | ০২ | ০১ | ১২ | ০২ | ১৭ | |
| **বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)** | | | | | | |
| অনুমোদিত পদের সংখ্যা | ৯৭ | ১৬ | ৫২ | ৩২ | ১৯৭ | ১ম শ্রেণীর ৪৮টি, ২য় শ্রেণীর ০৬টি,৩য় শ্রেণীর ২৬টি এবং ৪র্থ শ্রেণীর ০৪টি পদ শূন্য রয়েছে। |
| কর্মরত পদের সংখ্যা | ৪৯ | ১০ | ২৬ | ২৮ | ১১৩ | |
| শূন্য পদের সংখ্যা | ৪৮ | ০৬ | ২৬ | ০৪ | ৮৪ | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.০ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| মন্ত্রণালয় /সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পরিকল্পনা বিভাগ | ১৪ | ২৪.৭০ | পরিকল্পনা বিভাগের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১৪টি, জড়িত টাকার পরিমান ২৪.৭০ লক্ষ টাকা। আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গত ২৪-০৪-২০১৭ খ্রিঃ তারিখে দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী গত ২৮-০৫-২০১৭ খ্রিঃ তারিখে মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, (৫-৬ তলা) সেগুনবাগিচা, ঢাকাসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| পরিকল্পনা বিভাগ-এর আওতাধীন প্রকল্পসমূহ | ৩৮ | FAPAD হতে টাকার পরিমান জানা যায়নি। | পরিকল্পনা বিভাগের সমাপ্ত প্রকল্পসমূহের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি জন্য FAPAD বরাবর পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা বিভাগের সমাপ্ত প্রকল্পসমূহের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি জানার জন্য FAPAD বরাবর পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (পিটিসি) পরিকল্পনা বিভাগ। |
| বিআইডিএস | ৩৮ | ৩৫০.৪৭ | বিআইডিএস-এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৮টি জড়িত টাকার পরিমাণ ৩৫০.৪৭ লক্ষ টাকা। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। | অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে। | মহাপরিচালক বিআইডিএস<br>ও<br>যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |
| এনএপিডি | ০৩ | ৬.৯৭ | এনএপিডি এর অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩টি জড়িত টাকার পরিমাণ ৬.৯৭ লক্ষ টাকা। আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। | অবশিষ্ট অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনএপিডি<br>ও<br>যুগ্মসচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ |

৬.০ শাখা ভিত্তিক অনিষ্পন্ন কাজসমূহ পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের আওতাধীন অধিশাখা/শাখায় এবং পরিকল্পনা কমিশনের বিভাগসমূহে এপ্রিল/২০১৭ মাসের জের ১৮টি সহ মে/২০১৭ মাসের প্রাপ্ত পত্রের সংখ্যা=৩৬০৯টি। তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে=৩৫৬০টি। অনিষ্পন্ন পত্রের সংখ্যা=৪৯টি। | অনিষ্পন্ন পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে। সেক্টর/বিভাগের প্রধানগণ নিজ নিজ বিভাগে সভা করবেন এবং পত্র নিষ্পত্তির সঠিক হিসাব (ডিপিপি'র পত্র ব্যতীত) প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে সমন্বয় অধিশাখায় প্রেরণ নিশ্চিত করবেন। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন<br>ও<br>পরিকল্পনা বিভাগের সকল অধিশাখা/শাখা |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭.০ বিভাগীয় মামলা সংক্রান্ত পর্যালোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| প্রশাসন অধিশাখা-১ এর ০৫ টি বিভাগীয় মামলা এবং প্রশাসন অধিশাখা-৪ এর ০১টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। | বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ। |

৮.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (সমন্বয়) সভাকে অবহিত করেন যে, অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। তাছাড়া আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) পরিকল্পনা কমিশন চত্বরের ৫নং এবং ৬নং ব্লকে ইন্টারনেট সংযোগ এর বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, পরিকল্পনা বিভাগ হতে প্রেরিত Estimate মোতাবেক পূর্বের ঠিকাদারী প্রতিষ্ঠান ইন্টারনেট সংযোগের বিষয়ে সম্মত হয়েছে। আশা করা যায় আগামী এক সপ্তাহের মধ্যে ৫ ও ৬ নং ব্লকে ইন্টারনেট সংযোগ প্রদান করা সম্ভব হবে। | (১) পরিকল্পনা কমিশন চত্বরের ৫ ও ৬ নং ব্লকে internet সংযোগ প্রদানের বিষয়টি শীঘ্রই সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং আইসিটি সেল পরিকল্পনা বিভাগ। |
| (২.১) ই-ফাইলিং এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান যে, গত মাসে পরিকল্পনা বিভাগ ই-ফাইলিং এ মন্ত্রণালয়সমূহের মধ্যে ৫ম স্থান অধিকার করে। কিন্তু বর্তমানে পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং এর ব্যবহার তুলনামূলকভাবে কম হচ্ছে। তাছাড়া তিনি ইন্টারনেটের গতি কম থাকায় পরিকল্পনা বিভাগে ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনার কাজ করতে সমস্যা হচ্ছে মর্মে সভাকে অবগত করেন। তাই তিনি এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ করেন। সভাপতি সংশ্লিষ্ট সকলকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি ব্যবস্থাপনায় আরও বেশি তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন।<br><br>(২.২) সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, বিটিসিএল হতে ১২০ Mbps গতি সম্পন্ন ইন্টারনেট কানেকশন দেয়া হলেও কাজের সময় উক্ত গতি ৪০/৫০ Mbps থাকে। এর ফলে কাঙ্খিত গতির ইন্টারনেট ব্যবহার করা যাচ্ছে না এবং ই-ফাইলিং এ সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি বেসরকারী কোম্পানীর নিকট হতে ১২০ Mbps গতির ইন্টারনেট সংযোগ গ্রহণের প্রস্তাব করেন। সভাপতি এ সংক্রান্ত পরিপত্র পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (২.১) ই-ফাইলিং এর মাধ্যমে নিয়মিত নথি ব্যবস্থাপনা করতে হবে। বিষয়টির অনুসরণ অব্যাহত থাকবে।<br><br>(২.২) পরিপত্র পর্যালোচনাপূর্বক পরিকল্পনা কমিশন চত্বরে বেসরকারী কোন কোম্পানীর ১২০ Mbps গতি সম্পন্ন ইন্টারনেট কানেশন গ্রহণ করা যায় কি না তা দেখতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা বিভাগ-এর সকল কর্মকর্তা/কর্মচারী<br><br>সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ |
| (৩) কম্পিউটার সরঞ্জামাদির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপসচিব (সাধারণ অধিশাখা-১) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ-বছরে ২৫টি কম্পিউটার ক্রয় করা হয়েছে। চাহিদা অনুযায়ী তা শীঘ্রই বিতরণ করা হবে। সভাপতি পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ ও পরিকল্পনা বিভাগের বিভিন্ন অনুবিভাগে চলমান প্রকল্প হতে কম্পিউটার সরঞ্জামাদি ক্রয়ের জন্য অনুরোধ করেন। তিনি সংশ্লিষ্ট অধিশাখার কর্মকর্তাকে চাহিদা অনুযায়ী কম্পিউটার সরঞ্জামাদি দ্রুত বিতরণের জন্য অনুরোধ করেন। | (৩) পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং পরিকল্পনা বিভাগের বিভিন্ন অনুবিভাগে চলমান প্রকল্প হতে কম্পিউটার সরঞ্জামাদি ক্রয় করতে হবে। পরিকল্পনা বিভাগ কর্তৃক ক্রয়কৃত কম্পিউটার সরঞ্জামাদি দ্রুত বিতরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল) পরিকল্পনা কমিশন/বিভাগ এবং উপসচিব (সাঃ-১) পরিকল্পনা বিভাগ। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (৪) Project Planning System (PPS) – Software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, আইডিই প্রকল্প সভাকে জানান PPS software -এ বাংলায় প্রকল্প প্রস্তাবনা দাখিলের অপশন সংযোজনের কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। আশা করা যায় আগামী সপ্তাহ হতে উক্ত software ব্যবহার করে GoB অর্থায়নের প্রকল্প দলিল দাখিলের কাজ করা যাবে। তিনি software এ বাংলায় প্রকল্প দলিল দাখিলকরণ অপশন যোগ করার পর স্থানীয় সরকার বিভাগকে নিয়ে প্রকল্প দলিল দাখিলে PPS software নিয়ে কাজ করার জন্য প্রকল্প হতে সহযোগিতা করা হবে মর্মে সভাকে অবগত করেন।<br>সভাপতি PPS software এর মাধ্যমে প্রকল্প প্রস্তাবনা দাখিল করার জন্য পরিকল্পনা কমিশন এবং আইডিই প্রকল্পকে বিশেষ নজর দেওয়ার জন্য অনুরোধ করেন। | (৪) IDE প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত PPS সফটওয়্যারে বাংলায় প্রকল্প দলিল দাখিল অপশন সংযোজন শেষে স্থানীয় সরকার বিভাগকে নিয়ে PPS software এর মাধ্যমে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে সহযোগিতা করতে হবে। তাছাড়া উক্ত software ব্যবহার করে Online এ প্রকল্প দলিল প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে আগ্রহী করে তুলতে হবে। | প্রধান (ভৌত অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ) এবং প্রকল্প পরিচালক IDE প্রকল্প পরিকল্পনা বিভাগ। |
| (৫) উপসচিব (প্রশাসন অধিশাখা-১) সভাকে অবহিত করেন যে, ইস্তাম্বুল কর্মপরিকল্পনার ক্ষেত্রে এপিএ, এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মপরিকল্পনা সহ পরিকল্পনা কমিশনের সকল বিভাগে পত্র দেওয়া হয়। কিন্তু সাধারণ অর্থনীতি বিভাগ, শিল্প ও শক্তি বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ হতে এ বিষয়ে তথ্যাদি পাওয়া গেলেও অন্যান্য বিভাগের সাথে একাধিকবার যোগাযোগ করেও কোন তথ্যাদি পাওয়া যায়নি। ফলে ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পনা বিভাগের ফোকাল পয়েন্ট হিসেবে তার দ্বারা প্রতিবেদন প্রস্তুতপূর্বক অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ সম্ভব হচ্ছে না। সভাপতি অবশিষ্ট বিভাগসমূহকে এ বিষয়ে জরুরীভিত্তিতে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করেন। | (৫) ইস্তাম্বুল কর্মপরিকল্পনা সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরী ভিত্তিতে পরিকল্পনা বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | প্রধান (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ) পরিকল্পনা কমিশন |
| (৬) পরিকল্পনা বিভাগের ২নং গেইটের বাহিরের রাস্তাটি সংস্কারের বিষয়ে মেয়রকে পত্র দেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সাধারণ অধিশাখা-১ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | (৬) পরিকল্পনা কমিশনের বাহিরের রাস্তাটি সংস্কারেরর নিমিত্তে দক্ষিণ সিটি কর্পোরেশনের বরাবর পত্র দিতে হবে। | উপসচিব সাধারণ অধিশাখা-১ পরিকল্পনা বিভাগ। |
| (৭) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, PWD এবং CAO পরিকল্পনা বিভাগের অংশীজন হওয়া সত্ত্বেও প্রায়ই মাসিক সমন্বয় সভায় অনুপস্থিত থাকেন। তা তিনি তাঁদের সভায় উপস্থিতির বিষয়ে সভাপতির নির্দেশনা কামনা করেন। সভাপতি আগামী সভায় PWD এবং CAO প্রতিনিধিদের উপস্থিত থাকার জন্য পত্র দেওয়ার অনুরোধ করেন। | (৭) PWD এবং CAO প্রতিনিধিকে আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে সমন্বয় অধিশাখা হতে পত্র দেয়া যেতে পারে। | যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

১০.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২১/০৬/২০১৭ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং- ২০.০০.০০০০.৩৩২.০৬.০৫৩.১১-(অংশ-১)- ২৫৬

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
২১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ , ঢাকা।
৬. যুগ্মপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ/ পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
৮. উপসচিব (সকল) পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. উপপ্রধান(একনেক), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা ( **Website** এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী ইএম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ/নির্বাহী প্রকৌশলী গণপূর্ত উপ-বিভাগ-২, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব/সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮. উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত উপ-বিভাগ-৩/ ইএম উপ-বিভাগ-১৪), শেরেবাংলা নগর, ঢাকা।
১৯. উপ-বিভাগীয় কর্মকর্তা, আরবরিকালচার, গণপূর্ত উপ-বিভাগ, আসাদগেট, শেরেবাংলা নগর, ঢাকা।
২০. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২১. PRO, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২২. প্রোগ্রামার/মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৩. সহকারী পরিচালক, এসএসআরসি/বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২৫. উপ-সহকারী প্রকৌশলী (ফোনস), বিটিসিএল, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৬. মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র/ পুলিশ ইনচার্জ, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।

২১/৬/২০১৭

(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
E-mail: dsplandivco@gmail.com